

তামাকের নেশা

পান-বিড়ির ছোটো ছোটো অজস্র দোকান
ক্রেতা যতো-নেশাগ্রস্থ মূর্খ ও বিদ্বান।
ভিড় কোরে নেশা করে শরীর বিনিময়-
একটুখানি সুখ ভোগে এতো অপচয় ?

রিজ্বা, ট্যাক্সি, অটোচালক
নয়কো কেউ নাবালক
মুক্ত ক'জন সুকৃতিবাদে
বেশীর ভাগই নেশার ফাঁদে।

সারা দিনের কর্মের শেষে
ক্লান্ত দেহটা আরাম খোঁজে
বল্ বিদ্বান সেই সময়, অজ্ঞতা ও মূর্খতায়
পান-তামাকে জর্দায়, ক্লান্তি থেকে 'হাল্কা' হয়।

বিজ্ঞাপনে পত্রিকায়
নানান ভাবে হেথায় হেথায়
বলা হোচ্ছে শতবার
তামাকের ফল ভয়ঙ্কর !

কালের কঠিন বিধান-নিষ্ঠুর নির্দয়
ভবিষ্যতে আনে যদি অনাদৃত বিস্ময়
সে সময় যতেই হোক আকুলিত হৃদয়
ক্ষমা করে না নিয়তি, এমন-ই নির্দয় !